গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া

এবং

# প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা-এঁর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ – জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..........০৩

প্রস্তাবনা .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ........০৪

সেকশন ১ : বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি......০৫

সেকশন ২ : বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) .. .. .. .. .. .. ........০৬

সেকশন ৩ : কর্মসম্পাদন পরিকল্পনা.. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ...........০৭

সংযোজনী ১ : শব্দসংক্ষেপ (Acronyms).. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ....১১

সংযোজনী ২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ..........১২

সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .. .. .. .. .. .. .. .. .. .. .. .. .. ........১৩

সংযোজনী ৪-৮ : সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন কর্মপরিকল্পনাসমূহ ..........................১৪

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**[Overview of the Performance of the Divisional Office]**

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

দেশের বন সংরক্ষণ ও পুনরুদ্ধার, অর্থনৈতিক উন্নয়ন, কর্মসংস্থান, দারিদ্র বিমোচন, প্রাকৃতিক বিপর্যয় রোধ এবং পরিবেশের ভারসাম্য রক্ষাকল্পে সামাজিক বন অঞ্চল, বগুড়া কর্তৃক বিগত তিন অর্থবছরে অংশিদারিত্বমূলক সামাজিক বনায়ন কার্যক্রমের মাধ্যমে ১৩১১.৭৫ হেক্টর (ব্লক, বেত, বাঁশ, বিরল ও বিপন্ন প্রজাতির এনরিচমেন্ট, স্ট্যান্ড ইম্প্রুভমেন্ট ও মিশ্র) বাগান এবং ১৮৫৬.০ কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন করা হয়েছে। ২০২১-২২ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত সামাজিক বনায়নে সম্পৃক্ত উপকারভোগী, ভূমি মালিক সংস্থা এবং ইউনিয়ন পরিষদকে প্রায় ৪২ কোটি ২২ লক্ষ ১৮ হাজার ১৭২ টাকা লভ্যাংশ বিতরণ করা হয়েছে। জবরদখলকৃত ৩৪৭.৯৪ হেক্টর উদ্ধারের মাধ্যমে পুনঃবনায়ন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জ সমূহ :**

বন সংরক্ষণ ব্যতিত বনভূমির ভিন্ন ব্যবহার রোধ করা এবং সকল ক্ষেত্রে বন সংরক্ষণকে টেকসই উন্নয়নের পূর্বশর্ত হিসাবে প্রতিষ্ঠা করা। সার্কেলের কার্যক্রমের তুলনায় লোকবল, যানবাহন এবং বাজেট বরাদ্দের অপ্রতুলতা। পানি উন্নয়ন বোর্ড কর্তৃক বিভিন্ন নদী/খাল সংস্কার পুনঃখনন প্রক্রিয়ায় অনেক বাগান ক্ষতিগ্রস্থ; সংস্কারকৃত নদী/খাল পাড়ে পুনঃবনায়নের জন্য পানি উন্নয়ন বোর্ডের নিকট থেকে সহযোগিতা/সম্মতি না পাওয়া; রেল লাইনের ধারে মেয়াদ উত্তীর্ণ বাগান কর্তন করতঃ রেল কর্তৃপক্ষের পুনঃবনায়ন অনাপত্তি; সড়ক ও জনপথ বিভাগ, এলজিইডিসহ কিছু সংস্থার নিজস্ব প্রকল্পে বনায়নের সংস্থান থাকায় বনায়নের উপযোগী স্থান/রাস্তার অপ্রতুলতা; এ অঞ্চলে বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ বিভিন্ন রাস্তা/খালে বনায়নের ফলে বন বিভাগ কর্তৃক বনায়নের স্থান সংকুচিত হওয়া; জবরদখলকৃত বনভূমিতে/অর্পিত বনভূমিতে বনায়নের ক্ষেত্রে নানাবিধ প্রতিবন্ধকতা। অবৈধ করাতকল উচ্ছেদ। অর্পিত ও হস্তান্তরিত এবং প্রাইভেট ফরেস্ট অর্ডিনেন্সের আওতাধীন বনভূমিকে সংরক্ষিত বনের আওতায় আনার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এসব বনভূমিতে জবর দখল এর প্রবণতা বেশি। বর্তমান প্রেক্ষাপটে জেলা প্রশাসনসহ আইন শৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয়ের অভাবে এসব স্থানে জবর দখল ও ব্যক্তির নামে রেকর্ড সৃজন এর তৎপরতা বৃদ্ধি পেয়েছে। তাই এসব বনভূমিতে বনায়ন ও বনজসম্পদ রক্ষায় বন কর্মীদেরকে মারধর ও প্রাণনাশের হুমকি দেয়া হচ্ছে। তাই এ বিষয়ে জরুরী কার্যকর ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন, প্রেক্ষিত পরিকল্পনা, ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, Voluntary National Contributions (VNC), বদ্বীপ পরিকল্পনা ও এসডিজির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র সংরক্ষণের মাধ্যমে টেকসই বন ব্যবস্থাপনা নিশ্চিত করা; সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়নে স্থানীয় জনগোষ্ঠীকে বন ব্যবস্থাপনায় আরও বেশী সম্পৃক্ত করা; প্রজাতীর বৈচিত্র্য নিশ্চিতঃ করে বনজ সম্পদ উন্নয়নের কাজকে আরও সফল ও বেগবান করতে সামাজিক বনায়নের মাধ্যমে পুনঃ বনায়ন করাসহ Sal Associate প্রজাতি ফিরিয়ে আনা; বৃক্ষহীন বনভূমিতে Mixed spp Plantation করা, জবরদখলকৃত বনভূমি উদ্ধার করে Fast growing Species দিয়ে বনায়ন করা; বন্দোবস্তকৃত বনভূমির বন্দোবস্ত বাতিল করার প্রক্রিয়া এবং অবৈধ করাত কল উচ্ছেদ অভিযান অব্যাহত রাখা।

**২০২৪-২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

- বৃক্ষাচ্ছাদন ও বনাচ্ছাদন সম্প্রসারণের জন্য অত্র অঞ্চলে নতুন /১ম আবর্তের ৫৫.০০ হেক্টর ব্লক বাগান এবং ৩৬০.০০ সিডলিং কিলোমিটার স্ট্রীপ বাগান এবং ২য়/৩য় আবর্তের ১৪০.০০ হেক্টর ব্লক ও ৩১০.০০ সিডলিং কিলোমিটার স্ট্রীপ বাগান সৃজন।
- সামাজিক বনায়নের মাধ্যমে দারিদ্র নিরসনে উপকারভোগীর মধ্যে ১১.৬০ কোটি টাকা লভ্যাংশ বিতরণ।
- জনগণকে বৃক্ষরোপণে উদ্বুদ্ধকরণের জন্য সামাজিক বনায়নে সম্পৃক্ত ১,৬৫০ জনকে প্রশিক্ষণ প্রদান।

# **প্রস্তাবনা** (Preamble)

মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া

এবং

প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে **২০২৪ সালের জুন মাসের ২৪** তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

# সেকশন ১

বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

আধুনিক প্রযুক্তি ও সৃজনশীলতার মাধ্যমে বন, পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ এবং আর্থ-সামাজিক উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক প্রযুক্তি, সৃজনশীলতা ও জনগণের অংশগ্রহণে টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র সংরক্ষণ ও বনের আচ্ছাদন (Forest Cover) বৃদ্ধি, প্রতিবেশগত সেবার (Ecosystem Services) মানোন্নয়ন ও দারিদ্র বিমোচন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা।
২. জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ।
৩. ইকোসিস্টেম ও জীববৈচিত্র সংরক্ষণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions):

১.৪.১ বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সংরক্ষণ, বনজ সম্পদের টেকসই ব্যবস্থাপনা ও উন্নয়ন, বন সম্প্রসারণ এবং বনের সীমানা নির্ধারণ।

১.৪.২ বন জরীপ, বন হতে কার্বন নিঃসরণের মাত্রা নির্ধারণ এবং বন পরিবীক্ষণ ও মূল্যায়ন।

১.৪.৩ সরকারী বনভূমি, পতিত ভূমি, প্রান্তিক ভূমি, অব্যবহারিত কৃষি ভূমিও নতুন জেগে ওঠা ভূমিতে বনায়ন কার্যক্রমের মাধ্যমে বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি।

১.৪.৪ সামাজিক বনায়ন ও সহযোগীতামূলক বন ব্যবস্থাপনার মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, দারিদ্রবিমোচন ও নারীর ক্ষমতায়ন।

১.৪.৫ বনের অবক্ষয় রোধ করে বনে কার্বন মজুদ বৃদ্ধির মাধ্যমে বিশ্ব উষ্ণায়ন রোধে অবদান রাখা।

১.৪.৬ বনজ সম্পদ উৎপাদন এবং বনজ সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিত করণ।

১.৪.৭ বনের প্রাকৃতিক পুনরুৎপাদনে সহায়তা (Assisted Natural Regeneration), অবক্ষয়িত বনের পুনর্বাসন এবং জলবিভাজিকা (Watershed) ব্যবস্থাপনা।

১.৪.৮ সরকারী ও বেসরকারী পর্যায়ে বনায়নে উৎসাহ ও সহায়তা প্রদান। বনায়ন বিষয়ক কারিগরি পরামর্শ প্রদান।

১.৪.৯ রক্ষিত এলাকা সম্প্রসারণ ও সহ-ব্যবস্থাপনা (Co-management) কার্যক্রম বাস্তবায়ন এবং প্রকৃতি পর্যটন (Ecotourism) উন্নয়ন ও সম্প্রসারণ।

১.৪.১০ বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র্য সম্পর্কিত আইন, বিধিমালা ও নীতিমালা বাস্তবায়ন।

## সেকশন ২

### বন অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/ Impact)

| ফলাফল /প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বনাচ্ছাদন বৃদ্ধি | বনায়নকৃত সরকারী বনভূমি | হেক্টর | ১৪৫.০০ | ৩০.০০ | ৫৫.০০ | ৩৫.০০ | ৩৫.০০ | বগুড়া সামাজিক বন অঞ্চলাধীন বন বিভাগসমুহ | বগুড়া সামাজিক বন অঞ্চলাধীন বন বিভাগসমুহ প্রতিবেদন /বাগানের জার্নাল |
| বৃক্ষাচ্ছাদন বৃদ্ধি | বনায়নকৃত সড়ক, মহাসড়ক, রেল, বাঁধ, প্রান্তিক এবং পতিত এলাকা। | কি.মি. | ৫২৯.০০ | ৪৭৩.০০ | ৩৬০.০০ | ৩১০.০০ | ৩০০.০০ | বগুড়া সামাজিক বন অঞ্চলাধীন বন বিভাগসমুহ, সড়ক বিভাগ, রেল বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, জেলা পরিষদ ও জেলা প্রশাসন। | বগুড়া সামাজিক বন অঞ্চলাধীন বন বিভাগসমুহ প্রতিবেদন /বাগানের জার্নাল |

# সেকশন ৩

## কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| ১. বনজ সম্পদ সংরক্ষণ ও টেকসই বন ব্যবস্থাপনা | ২৫ | (১.১) বনায়ন | (১.১.১) বনায়নকৃত এলাকা (ব্লক) | সমষ্টি | হেক্টর | ৫ | ১৫০.০০ | ১০.০০ | ৫৫.০০ | ৪৯.০০ | ৪৪.০০ | ৩৮.০০ | ৩৩.০০ | ১১৫.০০ | ১২৫.০০ |
| | | | (১.১.২) বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | সমষ্টি | কি.মি. | ৫ | ৩৫৪.০০ | ২৯৫ | ৩৬০.০০ | ৩২৪.০০ | ২৮৮.০০ | ২৫২.০০ | ২১৬.০০ | ২৯০.০০ | ২৮০.০০ |
| | | (১.২) জবরদখলকৃত বন উদ্ধার | (১.২.১) উদ্ধারকৃত বনের পরিমান | সমষ্টি | হেক্টর | ২ | ১০৬.৭৫ | ১১২.২০ | ৯৫.০০ | ৮৫.০০ | ৭৬.০০ | ৬৬.০০ | ৫৭.০০ | ১০০.০০ | ১০৫.০০ |
| | | (১.৩) ইকোট্যুরিজম উন্নয়ন | (১.৩.১) ভ্রমনকারীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা লক্ষ | ৪ | ৪.৮২৬৩ | ৫.০৯ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | ৫.৪৫৫ | ৫.৯৮ |
| | | (১.৪) চারা বিক্রয় ও বিতরণ | (১.৪.১) বিক্রিত চারার সংখ্যা | সমষ্টি | লক্ষ চারা | ৫ | ৩.৬৬২০৫ | ৩.৭৮৬৮৯ | ৩.৩০ | ২.৯৭ | ২.৬৪ | ২.৩১ | ১.৯৮ | ৩.৫০ | ৩.৬৫ |
| | | | (১.৪.২) বিতরণকৃত চারার সংখ্যা | সমষ্টি | লক্ষ চারা | ৪ | ৬.৪০ | ৪.৪০ | ৩.৯০ | ৩.৫১ | ৩.১২ | ২.৭৩ | ২.৩৪ | ৩.৯৫ | ৩.৯০ |
| ২. জনগণের অংশগ্রহণে বন সম্প্রসারণ | ২৫ | (২.১) সামাজিক বনায়ন কাযক্রম | (২.১.১) পুনঃবনায়ণ (ব্লক) | সমষ্টি | হেক্টর | ৬ | ১৮৯.০০ | ২৫.০০ | ১৪০.০০ | ১২৬.০০ | ১১২.০০ | ৯৮.০০ | ৮৪.০০ | ১৪০.০ | ১৪০.০ |
| | | | (২.১.২) পুনঃবনায়ণ (স্ট্রীপ) | সমষ্টি | কি.মি. | ৬ | ১৫৩.০০ | ৭৫.০০ | ২১০.০০ | ১৮৯.০০ | ১৬৮.০০ | ১৪৭.০০ | ১২৬.০০ | ২৯০.০০ | ২৯৫.০০ |
| | | (২.২) উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | (২.২.১) বিতরণকৃত লভ্যাংশের পরিমান | সমষ্টি | কোটি টাকা | ৭ | ১৭.৭২৬২ | ১৬.৬১১৩ | ১১.৬ | ১০.৪৪ | ৯.২৮ | ৮.১২ | ৬.৯৬ | ১১.৫০ | ১২.১০ |
| | | (২.৩) উপকারভোগীদের মাঝে টেকসই বনজসম্পদ আহরনের বিষয়ে সচেতনতা সৃষ্টি | (২.৩.১) সচেতন উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৬ | ১০৬২ | ২২৯১ | ১৬৫০ | ১৪৮৫ | ১৩২০ | ১১৫৫ | ৯৯০ | ১৫৯৫ | ১৬৭৫ |
| ৩. ইকোসিস্টেম ব্যবস্থাপনার উন্নয়ন ও জীববৈচিত্র সংরক্ষণ | ২০ | (৩.১) বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ | (৩.১.১) সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় ২টি উদ্ভিদ প্রজাতি (বাঁশপাতা এবং চালমুগড়া) এর চারা উত্তোলন ও রোপণ | সমষ্টি | সংখ্যা | ৪ | ৫৫০ | ৪৮০ | ৮০০ | ৭২০ | ৬৪০ | ৫৬০ | ৪৮০ | ৭৬০ | ৮২০ |
| | | (৩.২) বন, বন্যপ্রাণী, জীববৈচিত্র ও ব্লু-ইকোনমি বিষয়ে বন কর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | (৩.২.১) প্রশিক্ষণার্থীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৮ | ৪১ | ৮৪ | ২৫৫ | ২২৯ | ২০৪ | ১৭৮ | ১৫৩ | ২০৫ | ২৪০ |
| | | (৩.৩) অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার। | (৩.৩.১) বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৮ | ২০ | ৩২ | ৩৩ | ২৯ | ২৬ | ২৩ | ১৯ | ৩৪ | ৩৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২০২৩ | প্রকৃত অর্জন ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কার মূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কার মূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৪] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৫] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

আমি, বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া হিসাবে প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা এঁর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, প্রধান বন সংরক্ষক, প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা হিসাবে বন সংরক্ষক, বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল, বগুড়া এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত :

| | |
|---|---|
| বন সংরক্ষক,<br>বন সংরক্ষকের কার্যালয়, সামাজিক বন অঞ্চল<br>বগুড়া | ২৪ জুন ২০২৪<br>তারিখ |
| প্রধান বন সংরক্ষক<br>প্রধান বন সংরক্ষকের কার্যালয়, বন অধিদপ্তর, ঢাকা | ২৪ জুন ২০২৪<br>তারিখ |

# সংযোজনী ১:

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দ সংক্ষেপ (Acronyms) | বিবরন |
| --- | --- | --- |
| ০১ | VNC | Volentary National Contributions |

# সংযোজনী ২

## কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১.১ বনায়ন | ১.১.১ বনায়নকৃত এলাকা (ব্লক) | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর ও রংপুর | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল |
| | ১.১.২ বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল |
| ১.২ জবরদখলকৃত বনভূমি উদ্ধার | ১.২.১ উদ্ধারকৃত বনভূমির পরিমান | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর ও রংপুর | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিষ্টার |
| ১.৩ ইকোট্যুরিজম উন্নয়ন | ১.৩.১ ভ্রমনকারীর সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/ রেজিষ্টার |
| ১.৪ চারা বিক্রয় ও বিতরণ | ১.৪.১ বিক্রয়কৃত চারার সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/ রেজিষ্টার |
| | ১.৪.২ বিতরণকৃত চারার সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/ রেজিষ্টার |
| ২.১ সামাজিক বনায়ন কার্যক্রম | ২.১.১ পুনঃবনায়নকৃত এলাকা(ব্লক) | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর ও রংপুর | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল |
| ২.১ সামাজিক বনায়ন কার্যক্রম | ২.১.২ পুনঃবনায়ণকৃত এলাকা(স্ট্রীপ) | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/বাগানের জার্নাল |
| ২.২ উপকারভোগীদের মাঝে লভ্যাংশ বিতরণ | ২.২.১ বিতরণকৃত লভ্যাংশের পরিমান | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিষ্টার |
| ২.৩ উপকারভোগীদের মাঝে টেকসই বনজসম্পদ আহরনের বিষয়ে সচেতনতা সৃষ্টি | ২.৩.১ সচেতন উপকারভোগীর সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিষ্টার/স্থির চিত্র |
| ৩.১ বিলুপ্ত প্রায় উদ্ভিদ প্রজাতি সম্প্রসারণ | ৩.১.১ সম্প্রসারণের জন্য বিলুপ্ত প্রায় উদ্ভিদ ০২টি উদ্ভিদ প্রজাতি ((বাঁশপাতা এবং চালমুগড়া) এর চারা উত্তোলন ও রোপণ | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/জার্নাল |
| ৩.২ বন, বন্যপ্রাণী ও জীববৈচিত্র ব্লু-ইকোনমি বিষয়ে বন কর্মীর সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | ৩.২.১ প্রশিক্ষণার্থীর সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিষ্টার/হাজিরা/স্থির চিত্র |
| ৩.৩ অবৈধ বিক্রয় ও পাচার এবং লোকালয়ে আসা বন্যপ্রাণী উদ্ধার | ৩.৩.১ বন্যপ্রাণী উদ্ধারে সফল অভিযানের সংখ্যা | সামাজিক বন বিভাগ, রাজশাহী, দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা | বন বিভাগ কর্তৃক প্রণীত প্রতিবেদন/রেজিষ্টার/স্থির চিত্র |

# সংযোজনী ৩

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যে সকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বনায়ন | বনায়নকৃত এলাকা (স্ট্রীপ) | সড়ক ও জনপথ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর, জেলা পরিষদ ও জেলা প্রশাসন। | সড়ক/বাঁধ ও রেলের ধারের পতিত জায়গা বনায়নের মাধ্যমে উৎপাদন মূখী করে তোলার জন্য বর্ণিত অফিসসমূহের সাথে সমঝোতা স্মারকের ব্যবস্থা গ্রহণ। |
| জবর দখলকৃত বন উদ্ধার | উদ্ধারকৃত বনের পরিমান | জেলা প্রশাসন এবং বিচার বিভাগ | অবৈধ দখলদারদের বিরুদ্ধে উচ্ছেদ অভিযান পরিচালনা করার সময় জেলা প্রশাসকের সহায়তা গ্রহণ এবং বিচার বিভাগের সাথে যোগাযোগপূর্বক বিচারাধীন মামলার দ্রুত নিষ্পত্তি করণের ব্যবস্থা গ্রহণ। |
| ইকোট্যুরিজম উন্নয়ন | ভ্রমনকারীর সংখ্যা | আইন শৃঙ্খলা বাহিনী ও ট্যুর অপারেটর | আইন শৃঙ্খলা বাহিনী ও ট্যুর অপারেটর সাথে যোগাযোগপূর্বক ভ্রমনকারীদের নিরাপত্তা প্রদান এবং ভ্রমনের জন্য উপযুক্ত সুবিধা প্রদানের ব্যবস্থা গ্রহণ। |
| সামাজিক বনায়ন কার্যক্রম | পুন:বনায়ন (স্ট্রীপ) | সড়ক ও জনপথ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর, জেলা পরিষদ ও জেলা প্রশাসন। | সড়ক/বাঁধ ও রেলের ধারের পতিত জায়গা বনায়নের মাধ্যমে উৎপাদন মূখী করে তোলার জন্য বর্ণিত অফিসসমূহের সাথে সমঝোতা স্মারকের ব্যবস্থা গ্রহণ। |
| উপকারভোগীর মাঝে লভ্যাংশ বিতরণ | বিতরণকৃত লভ্যাংশের পরিমান | সড়ক ও জনপথ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর, জেলা পরিষদ ও জেলা প্রশাসন। | সড়ক ও জনপথ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রেলওয়ে, স্থানীয় প্রকৌশল অধিদপ্তর এর সাথে স্থানীয় পর্যায়ে চুক্তিসম্পাদন করা এবংঅব্যবহৃত জায়গায় বনায়নে এবং মেয়াদ উত্তীর্ন বাগানের গাছ আহরণে বর্ণিত দপ্তর সমূহের সহায়তা গ্রহণ করা। |

# সংযোজনী ৪-৮ : সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন কর্মপরিকল্পনাসমূহ